

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগ শাখা
বাগেরহাট।
www.bagerhat.gov.bd

স্মারক নং : ০৫.৪৪.০১০০.০২০.৫৬.০১৫.২৬- ৭৫৭

তারিখ : ৩১/০৮/২০২৬

সার ডিলার পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

‘সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা- ২০২৬’ এর আলোকে নিম্নলিখিত শর্তসাপেক্ষে বাগেরহাট জেলার প্রতি ইউনিয়নের জন্য বিদ্যমান ডিলারের পাশাপাশি ০১ (এক) জন করে নতুন ডিলার নিয়োগের জন্য আবেদনপত্র আহবান করা যাচ্ছে। এখানে উল্লেখ্য যে ইতোপূর্বে সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন দাখিল করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

ক্রমিক	উপজেলার নাম	ইউনিয়নের সংখ্যা (টি)	ইউনিয়নের নাম
১	বাগেরহাট সদর	১০	কাড়াপাড়া, বেমরতা, গোটাপাড়া, বিষ্ণুপুর, বারুইপাড়া, যাত্রাপুর, রাখালগাছী, খানপুর, ষাটগম্বুজ, ডেমা
২	ফকিরহাট	০৮	বেতাগা, পিলজংগ, লখপুর, ফকিরহাট, বহিরদিয়া-মানসা, নলধা-মৌভোগ, মূলঘর, শুভদিয়া
৩	মোল্লাহাট	০৭	উদয়পুর, চুনখোলা, গাংনী, কুলিয়া, গাওলা, কোদালিয়া, আটজুড়ি
৪	রামপাল	১০	গৌরম্ভা, উজলকুড়, বাইনতলা, রামপাল, রাজনগর, হড়কা, পেড়িখালী, ভোজপাতিয়া, মল্লিকেরবেড়, বাঁশতলী
৫	কচুয়া	০৭	গজালিয়া, ধোপাখালী, মঘিয়া, কচুয়া, গোপালপুর, রাড়ীপাড়া, বাখাল
৬	মোরেলগঞ্জ	১৬	তেলিগাতী, পঞ্চকরণ, পুটিখালী, দৈবজ্জহাটি, চিংড়াখালী, হোগলাপাশা, বনগ্রাম, বলইবুনিয়া, হোগলাবুনিয়া, বহরবুনিয়া, জিউধরা, নিশানবাড়িয়া, বারইখালী, মোরেলগঞ্জ, খাউলিয়া, রামচন্দ্রপুর
৭	শরণখোলা	০৪	ধানসাগর, খোন্তাকাটা, রায়েন্দা, সাউথখালী
৮	মোংলা	০৬	চাঁদপাই, বুড়িরডাঙ্গা, সোনাইলতলা, মিঠাখালী, সুন্দরবন, চিলা
৯	চিতলমারী	০৭	বড়বাড়িয়া, কলাতলা, হিজলা, শিবপুর, চিতলমারী সদর, চরবানিয়ারী, সন্তোষপুর

শর্তাবলী :

- (ক) ‘সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬’ এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে।
- (খ) যে সকল আবেদনকারী সার ডিলার নিয়োগের জন্য ইতোপূর্বে ০৯/০৩/২০২৬ খ্রি. তারিখ ১৭/০৮/২০২৬ খ্রি. তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন দাখিল করেছেন তাদের অনিস্পন্ন আবেদন সমূহ বর্তমান বিজ্ঞপ্তির আওতাধীন মর্মে বিবেচনা করে তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
- (গ) আবেদনকারীদের ‘সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬’ বর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে হবে।

(ঘ) যোগ্যতা :

- আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার/পৌরসভার বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসাবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;
- নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ২৫ মে.টন ধারণ ক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে: তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না;
- বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ০৫.০০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;
৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত চলমান অর্থবছরের ট্রেড লাইসেন্স থাকতে হবে;
৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;
৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং
৮. আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

(ঙ) অযোগ্যতা :

১. ইতিপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতিপূর্বে ব্যবসায় অনিয়ম/কোন ফৌজদারি বা অন্য আইনে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দণ্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;
২. কোন বিধিবদ্ধ সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/পাবলিক বিশ্ববিদ্যালয়/এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারেন না;
৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ থাকলে অপর কেউ আবেদন করতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্র, পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই ও বোন যারা এক খানায় খাদ্য গ্রহণ করে; এবং

(চ) আবেদন ফি ও আর্নেস্টম্যানি:

১. আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২০০০.০০ (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি বরাবর জমা দিতে হবে;
২. একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্টম্যানি বাবদ ১০,০০০.০০ (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টম্যানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্টম্যানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিম্যান্ড ড্রাফট ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টম্যানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

(ছ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান :

১. ০৩-০৯-২০২৬ খ্রি. তারিখ বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত।
২. জেলা প্রশাসক, বাগেরহাট অথবা উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাগেরহাট এর দপ্তরে জমা করতে হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করা সহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(গোলাম মোঃ বাতেন)

সভাপতি

জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
এবং জেলা প্রশাসক, বাগেরহাট।